রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুলাই ১০, ২০১৭**

[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : **ভোটার তালিকা হালনাগাদ-২০১৭ কার্যক্রম উপলক্ষে তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা হেলপার পদসমূহে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।**

নং-**১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.১৭**-১৪৭।—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে আগামী ২৫ জুলাই ২০১৭ তারিখ হতে যাদের জন্ম ০১ জানুয়ারি ২০০০ বা তার পূর্বে অথচ ভোটার তালিকা হালনাগাদের বিগত কার্যক্রমে বাদ পড়েছেন তাদের নিবন্ধনের জন্য বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার পদসমূহে নিয়োগদান কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা প্রয়োজন।

২। ভোটার তালিকা প্রণয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে গড়ে বিদ্যমান ২০০০ (দুই হাজার) জন ভোটারের জন্য একজন করে তথ্য সংগ্রহকারী নিয়োগ এবং প্রতি ৫ (পাঁচ) জন তথ্য সংগ্রহকারীর জন্য **১** (এক) জন করে সুপারভাইজার নিয়োগ করতে হবে। ভোটার এলাকার সাথে সমন্বয় সাধন এবং ভৌগোলিক, প্রাকৃতিক, প্রশাসনিক, ভোটার এলাকার বিন্যাস এবং আন্যান্য কারণে উল্লিখিত সংখ্যার হ্রাস বা বৃদ্ধি হতে পারে। বিশেষ করে ভোটার এলাকা অখন্ড রাখার লক্ষ্যে উক্ত সংখ্যা কম-বেশী হতে পারে। ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ৪(৪) অনুসারে নিম্নেবর্ণিত


মূল্য ঃ টাকা ৪.০০

কর্মকর্তা/কর্মচারী ও ব্যক্তিবর্গের মধ্য হতে রেজিস্ট্রেশন অফিসার ও উপজেলা/থানা নির্বাচন অফিসার তথ্য সংগ্রহকারী এবং সুপারভাজার নিয়োগ করবেন :—

(ক) **তথ্য সংগ্রহকারী নিয়োগ :**

(অ) সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের কর্মচারী;

(আ) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার শিক্ষক বা সহকারী শিক্ষক বা কর্মচারী;

(ই) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা মাদ্রাসার প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক বা কর্মচারী;

(ঈ) সরকারি পৃষ্ঠপোষকতায় বা সহায়তায় প্রতিষ্ঠিত বিভিন্ন অফিস বা সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মচারী ও সরকার কর্তৃক অনুমোদিত কিন্ডারগার্টেন ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা বা কর্মচারী;

(খ) **সুপারভাইজার নিয়োগ :**

(অ) সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের কর্মকর্তা;

(আ) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ বা সমপর্যায়ের মাদ্রাসার শিক্ষক ও কর্মকর্তা;

(ই) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক বা সিনিয়র শিক্ষক ও কর্মকর্তা।

এখানে উল্লেখ্য যে, তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগের বিধানে বর্ণিত "কর্মকর্তা" বলতে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এবং "কর্মচারী" বলতে তৃতীয় শ্রেণীর কর্মচারী বুঝাবে।

৩। **বিভিন্ন অফিস/প্রতিষ্ঠান হতে কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকদের তালিকা সংগ্রহ :** উল্লিখিত বিধান অনুসারে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ প্রদানের লক্ষ্যে উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার বিভিন্ন সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ বা সমপর্যায়ের মাদ্রাসা, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীদের নামের তালিকা সংগ্রহ করবেন।

৪। **তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগে প্যানেল প্রস্তুত :** তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্যানেল প্রস্তুত করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা, কর্মক্ষমতা, সততা, সাহস এবং নিরপেক্ষতার দিকে অবশ্যই লক্ষ রাখতে হবে। তাঁদের কর্মদক্ষতা, কর্মক্ষমতা, সততা, সাহস এবং নিরপেক্ষতার উপরই নির্ভুল ভোটার তালিকা অনেকাংশে নির্ভরশীল। তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্যানেল প্রস্তুতের সময় যথাসম্ভব তাদের পদমর্যাদা, জ্যেষ্ঠতা, বেতনস্কেল ও মূল বেতন বিবেচনা করতে হবে। প্রয়োজনে প্যানেল অন্তর্ভুক্তদের ব্যক্তিগত বিষয়াদি যেমন-তার শারীরিক, মানসিক অবস্থা, বয়স বা অন্য কোন কর্মব্যস্ততা সম্পর্কিত তথ্য সংগ্রহ করে তালিকায় চিহ্নিত করে রাখতে হবে।

৫। **দক্ষ ও অভিজ্ঞ তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ করা :** তথ্য সংগ্রহকারীর দক্ষতার উপর ভোটার তালিকার নির্ভুলতা অনেকাংশে নির্ভর করে। এ ক্ষেত্রে ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের সময়ে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিতদের মধ্যে হতে প্যানেলভুক্ত অভিজ্ঞতাসম্পন্ন তথ্য সংগ্রহকারী যাচাই করতঃ চূড়ান্ত নিয়োগ প্রদান করতে হবে। সুপারভাইজার নিয়োগের জন্য পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন এবং যোগ্য সরকারি কর্মকর্তা/কর্মচারী ও সরকারি স্কুলের শিক্ষকদের অগ্রাধিকার দিতে হবে। যদি প্রয়োজনীয় সংখ্যক জনবল পাওয়া না যায়, তবে উল্লিখিত অন্যান্য পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকদের মধ্য হতে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ করতে হবে। বয়স্ক, অদক্ষ, অপারদর্শী এবং রাজনৈতিক দলের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত ব্যক্তিবর্গকে কোনক্রমেই তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ করা যাবে না। দক্ষ, কর্মঠ ও স্থানীয় বা সংশ্লিষ্ট এলাকায় দীর্ঘদিন ধরে কর্মরতদের এক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৬। ভোটারদের বাড়ি বাড়ি গমনপূর্বক তথ্য সংগ্রহের কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য বিধি ও উল্লিখিত নির্দেশনা অনুসারে তথ্য সংগ্রহকারী এবং সুষ্ঠুভাবে যাচাইকাজের জন্য সুপারভাইজার নিয়োগ সংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ এবং প্রশিক্ষণ কার্যক্রম পর্যায়ক্রমিকভাবে হবে। নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধীনে এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে।

৭। **টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার নিয়োগে প্যানেল প্রস্তুত এবং প্যানেল হতে নিয়োগ :** ভোটার তালিকা আইন, ২০০৯ এর ৬(২) ধারা এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ৪(৭) বিধি অনুযায়ী পরিশিষ্ট-২ এ বর্ণিত বাছাই কমিটির মাধ্যমে টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতে হবে এবং প্যানেলভুক্ত প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে লোকবল নিয়োগ দিতে হবে। তবে কোন জেলায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে একই কার্যক্রমের জন্য অন্য জেলা কর্তৃক প্যানেলকৃত তালিকা হতে উল্লিখিত পদে নিয়োগ করা যাবে।

৮। **রেজিস্ট্রেশন টিম :** প্রতি উপজেলায় ১(এক) টি রেজিস্ট্রেশন টিম থাকবে। টিমে ৪ জন ডাটা এন্ট্রি অপারেটর, ১ জন টিম লিডার, ২ জন প্রুফ রিডার এবং ১ জন ডাটা এন্ট্রি হেলপার নিয়োগদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে উপজেলার আয়তন এবং ভোটার সংখ্যা অধিক হলে সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার প্রয়োজনবোধে একাধিক রেজিস্ট্রেশন টিম গঠন করতে পারবেন। একটি টিম গড়ে প্রতিদিন ৩০০ জন ভোটারের ডাটা এন্ট্রি করবে।

৯। তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার পদসমূহে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে তাদের সম্মানী ভাতা পরিশোধের জন্য প্রত্যেকের ব্যাংক হিসাব নম্বর প্রেরণ করতে হবে। এজন্য একই সাথে তাদের নিকট হতে ব্যাংক হিসাবের নাম, হিসাব নম্বর/মোবাইল ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের শাখা ও নাম সংগ্রহপূর্বক নিয়োগ পত্রের একটি কপি জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগে প্রেরণ করতে হবে।

**রৌশন আরা বেগম**
সহকারী সচিব (নিঃসঃ-২)।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd